

ওরা আমাকেও মেরেছে !!

শাবি ভিসি

স্টাফ রিপোর্টার।

বিশ্ববিদ্যালয়ের নানা কাজেই ছাত্র সংগঠনকে ভেতরে ভেতরে কাজে লাগানোর অভিযোগ আছে উপাচার্যদের বিরুদ্ধে। এর বিনিময়ে সাধারণত সরকার দলীয় ছাত্র সংগঠনকে নানা সুবিধাও দেয়া হয়। কিন্তু এসবই হয় অতিগোপনে। কিন্তু এবার সিলেটে ভিসি পদত্যাগের আন্দোলন থেকে শিক্ষকদের শায়েস্তা করতে ছাত্রলীগকে কাজে লাগানোর ঘটনা নজিরবিহীন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদত্যাগ দাবিতে আন্দোলনরত শিক্ষকদের ওপর ছাত্রলীগের হামলার ঘটনাটি রবিবার গণমাধ্যমের শিরোনামে উঠে আসে। কিন্তু উপাচার্য অধ্যাপক আমিনুল হক ভূইয়ার ভাবখানা এমন ছাত্রলীগ নয় বরং তিনিই নিজেই লালিত হয়েছেন আন্দোলনরত শিক্ষকদের হাতে। উপাচার্য সংবাদ মাধ্যমকে বলেন সকালে আসি আমার কার্যালয়ে ঢোকানোর সময় আন্দোলনরত শিক্ষকদের (৬ পৃষ্ঠা ১ কঃ ড্রয়িং)



ওরা আমাকেও

(প্রথম পৃষ্ঠার পর)

হাতে লালিত হয়েছি। এ সময় ড. জাফর ইকবালের সহধর্মিণী ড. ইয়াসমিন হক, মোঃ ইউনুছ, ফারুক উদ্দিনসহ কয়েক শিক্ষক আমাকে লালিত করেন। শিক্ষকদের হামলায় তিনি নাকি পায়ের ব্যথাও পেয়েছেন। সংবাদ মাধ্যমে ও দিন বিষয়টি গুরুত্ব পাওয়ার পরও উপাচার্য বলেন, ছাত্রলীগ শিক্ষকদের ওপর হামলা করছে এটা আমার জানা নেই। ছাত্রলীগ নেতাকর্মীরা শিক্ষকদের ওপর হামলা করেছে এমন অভিযোগও আমি পাইনি। ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীরা কোন শিক্ষকের ওপর হামলা করার অভিযোগ পেলে তদন্ত করা হবে।